



# সারা ভারত শান্তি ও সংহতি সংস্থা

পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি/ ৫ শরৎ ঘোষ স্ট্রিট, কলকাতা ১৪

প্রেস রিলিজ

## আক্রান্ত প্যালেস্তাইনের পাশে দাঁড়ান

ইজরায়েলের দখলদারী সেনাবাহিনীর হাতে আক্রান্ত প্যালেস্তাইনের পাশে দাঁড়ানোর জন্য দলমত নির্বিশেষে রাজ্যের সর্বস্তরের মানুষের কাছে আবেদন জানাচ্ছে সারা ভারত শান্তি ও সংহতি সংস্থার পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি। গত এক সপ্তাহ ধরে ইজরায়েলী হানাদার বাহিনীর নির্বিচার বোমা বর্ষণে প্যালেস্তাইনের গাজা ভূখণ্ডে ১৯০ জনেরও বেশি নিরাপরাধ প্যালেস্তাইনবাসী প্রাণ হারিয়েছেন। রেহাই পায়নি অসহায় নারী, এমনকি শিশুরাও। রাষ্ট্রসংঘের মতামত এবং আন্তর্জাতিক জনমত উপেক্ষা করে পশ্চিম এশিয়ায় মার্কিন যুক্তরাষ্ট্রের একান্ত অনুচর ইজরায়েলের এই বেআইনী সামরিক অভিযানের বিরুদ্ধে পশ্চিমবঙ্গের সর্বস্তরের সচেতন মানুষকে প্রতিবাদে মুখর হওয়ার আবেদন জানাচ্ছে সারা ভারত শান্তি ও সংহতি সংস্থার পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি।

প্রসঙ্গত উল্লেখ্য চলতি ২০১৪ সাল রাষ্ট্রসংঘের আহ্বানে আন্তর্জাতিক প্যালেস্তাইন সংহতি বর্ষ হিসেবে পালিত হচ্ছে। আন্তর্জাতিক প্যালেস্তাইন সংহতি বর্ষেও ইজরায়েলী হানাদারির হাত থেকে প্যালেস্তিনীয় জনগণের মুক্তি নেই।

সারা ভারত শান্তি ও সংহতি সংস্থা মনে করে, আরব ভূখণ্ডে লাগাতার মার্কিন হস্তক্ষেপ ও ইজরায়েলী হামলাবাজী নিয়ে ভারত সরকারের দৃঢ় অবস্থান নেওয়া উচিত। নীতিগত কারণে এবং জাতীয় স্বার্থেই আরব ভূখণ্ডে পুরোনো বন্ধুদের আমরা হারাতে পারি না।

আমেরিকা ও ইজরায়েলের সাম্রাজ্যবাদী হামলার বিরুদ্ধে এবং প্যালেস্তাইন জনগণের ন্যায্য দাবিদাওয়ার সমর্থনে আন্তরিকভাবে দাঁড়াতে হবে ভারত সরকারকে। রাষ্ট্রসংঘে গৃহীত প্রস্তাবগুলি মানতে ইজরায়েলকে বাধ্য করতে হবে। এজন্য কূটনৈতিক স্তরে উদ্যোগ নিক ভারত। ইজরায়েলের সঙ্গে সামরিক ও নিরাপত্তা সংক্রান্ত সম্পর্ক অবিলম্বে ছিন্ন করতে হবে ভারত সরকারকে। ভারতের সাধারণ মানুষ এবং শান্তি ও সংহতি আন্দোলন তাই চায়।

সারা ভারত শান্তি ও সংহতি সংস্থার পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি ছাত্র-যুব সংগঠনের সহযোগিতায় আগামী শুক্রবার, ১৮ জুলাই ২০১৪ বিকাল সাড়ে তিনটার সময় কলকাতার অ্যাকাডেমি অফ ফাইন আর্টসের সামনে রাণুছায়া মঞ্চে দক্ষিণ আফ্রিকার বর্ণবিদ্বেষ-বিরোধী আন্দোলনের প্রবাদপ্রতিম নেতা ও বর্ণবিদ্বেষমুক্ত গণতান্ত্রিক সরকারের প্রথম রাষ্ট্রপতি নেলসন ম্যান্ডেলার ৯৬-তম জন্মদিবস উদযাপন করবে। নেলসন ম্যান্ডেলা আজীবন প্যালেস্তাইনবাসীর সংগ্রামের সমর্থনে মুখর ছিলেন। ম্যান্ডেলাই বলেছিলেন, “প্যালেস্তাইনবাসীর স্বাধীনতা ছাড়া আমাদের নিজেদের স্বাধীনতা অসম্পূর্ণ।” ম্যান্ডেলার জন্মদিবস উদযাপন অনুষ্ঠানেও আমরা প্যালেস্তাইনবাসীর প্রতি আমাদের সংহতি প্রকাশ করব। দলমত নির্বিশেষে সকলকে সেই অনুষ্ঠানে অংশ নেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি।

পশ্চিমবঙ্গ রাজ্য সম্পাদকমণ্ডলী, সারা ভারত শান্তি ও সংহতি সংস্থা  
কলকাতা / ১৬ জুলাই ২০১৪